

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তুজারপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়
ভাংগা, ফরিদপুর

ওয়ার্ড সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ টিপু মোল্যা সদস্য, ০৯ নং ওয়ার্ড, তুজারপুর ইউনিয়ন পরিষদ।
উপদেষ্টা	:	শেফালী বেগম সংরক্ষিত আসনের মহিলা সদস্য, ৭, ৮, ৯ নং ওয়ার্ড, তুজারপুর ইউনিয়ন পরিষদ।
সভার তারিখ	:	১১/০৫/২০২২ খ্রি.
সময়	:	বিকাল ২:০০ ঘটিকা
স্থান	:	ইউ.পি সদস্যের বাড়ী।

সভায় উপস্থিতির ছবি ও হাজিরাপরিশিষ্ট - 'ক' ও 'খ'

সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় জনাব ওয়ালীউর রহমান (চেয়ারম্যান) প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ওয়ার্ড সভার লক্ষ্য, উদ্দেশ্য, প্রয়োজনীয়তা এবং ওয়ার্ড সভা আয়োজনে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর বাধ্যবাধকতা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি ইউনিয়ন পরিষদের বিগত বছরের গৃহিত কার্যক্রম সম্পর্কে উপস্থিত জনগণের মধ্যে বিস্তারিত তুলে ধরেন। বর্তমান পরিষদের কার্যকালের মেয়াদে যে সকল উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন হয়েছে এবং চলমান রয়েছে সে সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। এছাড়া তিনি পরিষদের বাকী মেয়াদে ওয়ার্ড সভার মাধ্যমে প্রাপ্ত ক্ষীমসমূহ অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করবেন বলে সকলকে আশ্বাস প্রদান করেন। ইউনিয়ন পরিষদ সচিব জনাব মোহাম্মদ মুন্সু মাতুব্বর ওয়ার্ড সভা পরিচালনা করেন। এ ছাড়া সভায় উপস্থিত ব্যক্তিবর্গের মধ্যে জিয়াউদ্দিন মোল্যা বক্তব্য রাখেন। সভায় উপস্থিত বিভিন্ন পেশাজীবী জনগণের মধ্য হতে এলাকার সমস্যা চিহ্নিত করে তা দূর করার জন্য বাস্তবায়নযোগ্য স্কীমের/প্রকল্পের তালিকা গ্রহণ করা হয়। প্রাপ্ত ক্ষীমসমূহ পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অন্তর্ভুক্ত করে একটি উন্নয়ন পরিকল্পনা বই আকারে প্রকাশ করা হবে। সভায় চাহিদা মোতাবেক নিম্নলিখিত স্কীম/প্রকল্পের তালিকা পাওয়া যায়ঃ

ক্রমিক নং	ওয়ার্ড নং	স্কিমের নাম	খাতের নাম (শিক্ষা, স্বাস্থ্য ইত্যাদি)	সম্ভাব্য ব্যয় (টাকা)	বাস্তবায়ন সময়কাল	মন্তব্য
০১	০৯	জান্দী বেচামন্ডলের বাড়ী হইতে রেলরাস্তা পর্যন্ত মাটির রাস্তা পুনর্নির্মান।	যোগাযোগ	২,০০,০০০/-	২০২১- ২০২২	
০২	০৭	রেলরাস্তা হইতে পোন্দার বাড়ী পর্যন্ত এইচবিবি রাস্তা সংস্কার।	যোগাযোগ	২,০০,০০০/-	২০২১- ২০২২	
০৩	০৭	কালি মন্দির হইতে সুখির মন্ডলের বাড়ী পর্যন্ত রাস্তা ইটের সলিং করণ।	যোগাযোগ	২,০০,০০০/-	২০২১- ২০২২	
০৪	০৭	জান্দী হইতে দেনো খার বাড়ী পর্যন্ত ইটের সলিং রাস্তা সংস্কার।	যোগাযোগ	২,০০,০০০/-	২০২১- ২০২২	
০৫	০৭	পবিত্র মন্ডলের বাড়ী হইতে গোপাল মিস্ত্রির বাড়ী পর্যন্ত মাটির রাস্তা পুনর্নির্মান।	যোগাযোগ	৩,০০,০০০/-	২০২১- ২০২২	
০৬	০৭	রেলরাস্তা হইতে ধলুর বাড়ী পর্যন্ত মাটির রাস্তা পুনর্নির্মান।	যোগাযোগ	১,০০,০০০/-	২০২১- ২০২২	
০৭	০৭	কালী ডাক্তারের পুকুর হইতে খলিল খার বাড়ীর অভিমুখে মাটির রাস্তা নির্মান।	যোগাযোগ	৪,০০,০০০/-	২০২১- ২০২২	
০৮	০৭	জান্দী বাকু মিয়া, টিটু মাতুব্বর, রুকিয়া বেগম, নরু মাতুব্বর, চান্দু শেখ, ইকরাম শেখ, ইমন মোল্যা, বিশ্বমন্ডল, জাকির মাতুব্বর, শাজাহান মাতুব্বর, হুমায়ুন মোল্যা, রিলি বেগম, আনোয়ারা বেগম, আঃ হক মাতুব্বর, রোকন মোল্যা ও গুচ্ছ গ্রামে আর্সেনিকমুক্ত গভীর নলকূপ স্থাপন।	পানি সরবরাহ		২০২১- ২০২২	
০৯	০৭	জান্দী খলিল মাতুব্বর এর বাড়ী হইতে এইচবিবি রাস্তা পর্যন্ত মাটির রাস্তা নির্মান।	যোগাযোগ	৪,০০,০০০/-	২০২১- ২০২২	
১০	০৭	জান্দী পশ্চিমপাড়া ফরিদ ফকিরের বাড়ীর সামনে গভীর নলকূপ স্থাপন।	যোগাযোগ	৭৫,০০০/-	২০২১- ২০২২	

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করা হয়।

২। সিদ্ধান্তঃ প্রাপ্ত ক্ষীম/প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

স্বাক্ষরীত
(মোঃ টিপু মোল্যা)
সদস্য, ৯ নং ওয়ার্ড
ও সভাপতি
ওয়ার্ড সভা
তুজারপুর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর

বিতরণ:

- ১। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ভাংগা, ফরিদপুর।
- ৪। চেয়ারম্যান, তুজারপুর ইউনিয়ন পরিষদ, ভাংগা, ফরিদপুর (ক্ষীম/প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।)
- ৫। অফিস কপি।

ওয়ার্ড সভার ছবি



ওয়ার্ড সভায় উপস্থিত হাজিরা